

বর্ষার ফুল রেইনলিলি

রেইনলিলি। এটি বর্ষাকালের ফুল। এই ফুল ফোটার জন্য বৃষ্টির পানি খুব গুরুত্বপূর্ণ। অনেক বৃষ্টি হলে এই ফুল ফোটে বলে এই ফুলের নাম রেইনলিলি।

বৈজ্ঞানিক নাম:

রেইন লিলি গাছের বৈজ্ঞানিক নাম **Zephyranthes**। **Zephyranthes** হল প্রায় ৭০টি প্রজাতির একটি প্রজাতি **Amaryllidaceae (amaryllis family)** যার আদি নিবাস দক্ষিণ উত্তর আমেরিকা, মধ্য আমেরিকা এবং দক্ষিণ আমেরিকা। এই ফুলের অন্যান্য নামের মধ্যে **fairy lily, rain flower, zephyr lily, Atamasco lily, magic lily** উল্লেখযোগ্য, প্রতিটি রেইন লিলি অ্যামেরিলিডেসি পরিবারের সদস্য। এটি একটি সপুষ্পক জাতীয় উদ্ভিদ।

বংশবিস্তার:-

পেয়াজের মতো কন্দ বা বাল্ব গুলির মাধ্যমে এই গাছের বংশবিস্তার হয়ে থাকে, এছাড়া বীজ থেকেও চারা গাছ তৈরী করা যায়।

স্থান নির্বাচন:-

হালকা ঢালু জমি নির্বাচন করতে হবে যাতে বর্ষাকালে গাছের গোড়ায় জল না জমতে পারে, এই গাছে খুব বেশি সূর্যের আলোর প্রয়োজন হয় না কারণ এটি বর্ষাকালের ফুল। তবে ছায়াতে রাখলে ফুলের পরিমাণ অনেক কমে যায়। যদি উজ্জ্বল আলোতে রাখা যায় তবে নিয়মিতভাবে প্রায় সারা বর্ষাকাল জুড়ে ফুল ফোটে। এটি সাধারণত বাল্ব থেকে দ্রুত বংশ বিস্তার করে আবার বীজ থেকেও চারা গাছ তিরী হয়। যে কোনও মাটিতেই রেন লিলি খুব ভাল হয়। কন্দগুলিকে মাটিতে বসানোর পূর্বে জায়গাটি কে ভালো করে জৈবসার দিয়ে প্রস্তুত করে নিতে হবে। পরবর্তী সময়ে গাছটি নিজেই তার চাহিদা অনুযায়ী পুষ্টিমৌল মাটি থেকে শোষণ করে বেড়ে উঠবে। তবে প্রতি বছরে বর্ষার আগে একবার হলেও গাছের গোড়ায় সার প্রয়োগ করা প্রয়োজন, তবে কন্দগুলিকে যদি টবে প্রতিস্থাপন করতে চান, তাহলে গাছটির চাহিদা অনুযায়ী খাবার, আলো, জল, কীটনাশক এর মতো গুরুত্বপূর্ণ বিষয় গুলি খেয়াল করতে হবে।